**জাতীয় বিশ্ববিদ্যালয়**
গাজীপুর

## ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের নিয়মাবলী

১। শিক্ষার্থী স্নাতক ১ম বর্ষ উত্তীর্ণ হওয়ার পর (ক) সরকারী কলেজ হতে সরকারী ও বেসরকারী কলেজ, (খ) বেসরকারী কলেজ হতে বেসরকারী কলেজ ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে কিন্তু বেসরকারী কলেজ হতে সরকারী কলেজে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে না। আবার, শিক্ষার্থী একটি কলেজে ১ম বর্ষে ভর্তির আবেদন করেছিল কিন্তু রিলিজ স্লিপের মাধ্যমে অন্য কলেজে ভর্তি হয়েছে সে ক্ষেত্রে পূর্বে আবেদনকৃত কলেজে বা সমমান কলেজে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবেনা।

২। চাকুরীরত অভিভাবক (পিতা/মাতা/স্বামী) অন্য জেলায় বদলী হলে, পিতা/মাতা জীবিত না থাকলে/অসমর্থ হলে আইনানুক অভিভাবকের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। শুধুমাত্র সরকারী, স্বায়ত্বশাসিত ও আধা-সরকারী প্রতিষ্ঠানে কর্মরত অভিভাবকের বদলী জনিত কারনে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে। চাকুরিরত অভিভাবকের বদলীর আদেশ, যোগদানপত্র, চাকুরীর আইডি কার্ড ও অভিভাবকের সম্মতিপত্র আবেদনের সাথে সংযুক্তি করতে হবে।

৩। মেয়ে শিক্ষার্থী বিবাহ বন্ধনে আবদ্ধ হলে (সম্মান শ্রেণীতে ভর্তির পর), সে ক্ষেত্রে বিবাহের কাবিননামা, (হিন্দু, খ্রীস্টান ও বৌদ্ধদের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র, স্বামী-স্ত্রীর যৌথ ছবি ও বিয়ের দাওয়াতপত্র, স্বামী যে প্রতিষ্ঠানে চাকুরি করেন তার প্রত্যয়নপত্র, যোগদানপত্র, জাতীয় পরিচয়পত্র/অন্য কর্মে নিয়োজিত তার প্রামান্যপত্র।

৪। শিক্ষার্থী তার স্থায়ী ঠিকানার নিকটবর্তী কলেজে যৌক্তিক কারণে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে। যদি তার নিজের জেলার কোন কলেজে তার পঠিত বিষয়টি অধিভুক্তি না থাকে তাহলে পার্শ্ববর্তী জেলার নিকটবর্তী কলেজে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে। সে ক্ষেত্রে শিক্ষার্থীর নিজের/পিতা/মাতা এর জাতীয় পরিচয়পত্র ও অভিভাবকের মতামত পত্র জমা দিতে হবে । কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনার যোগ্য মনে করলে TC দিবেন

৫। অভিভাবকের মৃত্যুজনিত কারনে ছাড়পত্রের জন্য আবেদন করতে পারবে,যদি অভিভাবক সদ্য মৃত্যুবরন করেন সেক্ষেত্রে ডাক্তার কর্তৃক ডেথ সার্টিফিকেট এর কপি অথবা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। অভিভাবকের মৃত্যুজনিত কারনে অভিভাবকের দায়িত্ব যার উপর অর্পিত হয়েছে তার সম্মতিপত্র তার পেশা ও কর্মস্থল সংক্রান্ত প্রামান্যপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি আবেদনের সাথে জমা দিতে হবে ।

৬। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী বিষয়ে সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে ।

৭। একই জেলা/বিভাগীয় শহরে অবস্থিত দুটি কলেজের মধ্যে ছাড়পত্রের অনুমোদন দেয়া যাবে না। তবে বিশেষ কারনবশত মেয়ে শিক্ষার্থীর ক্ষেত্রে উক্ত শর্ত শিথিল যোগ্য ।

৮। সংশ্লিষ্ট কলেজের শিক্ষা কার্যক্রম/বিষয়ের অধিভুক্তি স্থগিত হলে এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন শাখা কর্তৃক প্রদত্ত অধিভুক্তি বাতিলের পত্র সংযুক্ত করতে হবে ।

১০। আবেদনের সাথে রেজিঃ কার্ড, প্রবেশপত্র ও পরীক্ষার ফলাফল কপি জমা দিতে হবে

১১। একজন শিক্ষার্থী একাধিক বার ছাড়পত্র নিতে পারবে না ।

বিঃ দ্রঃ আবেদন করার সময় Reason এর স্থানে ছাড়পত্রের কারণ স্পষ্ট করে অবশ্যই উল্লেখ করতে হবে।

M. Khan
25.9.16

প্রফেসর ড. মোবাশ্বেরা খানম
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

## নিম্নোক্ত সংযুক্তি প্রয়োজন

১। চাকুরীরত অভিভাবকের অন্য জেলায় বদলী হলে। অভিভাবক বলতে বাবা/মাকে বুঝাবে। বাবা/মা জীবিত না থাকলে/অসমর্থ হলে আইনানুক অভিভাবকের প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। শুধুমাত্র সরকারী, স্বায়ত্বশাসিত ও আধা-সরকারী প্রতিষ্ঠানে কর্মরত অভিভাবকের বদলী জনিত কারন। বি:দ্র: অভিভাবক চাকুরী শেষে L.P.R অথবা অবসরে গেলে তার সন্তানের ছাড়পত্রের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন হলে পিতা/মাতার চাকুরির বদলীর আদেশ, যোগদানপত্র, চাকুরীর আইডি কার্ড, সম্মতিপত্র লাগবে।

২। মেয়ে শিক্ষার্থী বিবাহ বন্ধনে আবদ্ধ হলে (সম্মান শ্রেণীতে ভর্তির পর)। বিবাহের কাবিননামা, (হিন্দু, খ্রীস্টান ও বৌদ্ধদের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র। প্রয়োজনে স্বামী-স্ত্রীর যৌথ ছবি ও দাওয়াতপত্র)। স্বামীর চাকুরীর প্রত্যয়নপত্র/জাতীয় পরিচয় পত্র/বদলীর আদেশ/যোগদানপত্র ও সম্মতিপত্র।

৩। শিক্ষার্থীর স্থায়ী ঠিকানার নিকটবর্তী কলেজে যেতে পারবে। যদি পার্শ্ববর্তী কলেজে তার বিষয়টি অধিভুক্তি থাকে।

৪। অভিভাবকের মৃত্যু জনিত কারনে ছাড়পত্রের আবেদন করতে পারবে। যদি অভিভাবক সদ্য মৃত্যুবরন করেন সে ক্ষেত্রে স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র/ডাক্তার কর্তৃক ডেথ সার্টিফিকেট এর কপি সংযুক্তি দিতে হবে। অভিভাবকের মৃত্যু জনিত কারনে অভিভাবকের দায়িত্ব যার উপর অর্পিত হয়েছে তার সম্মতিপত্র, তার পেশা ও কর্মস্থল সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি।

৫। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী বিষয়ে সমাজকল্যাণ অধিদপ্তরের সনদ এর ফটোকপি জমা দিতে হবে।

৬। সংশ্লিষ্ট কলেজের শিক্ষা কার্যক্রম/বিষয়ের অধিভুক্তি স্থগিত হলে। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন শাখা কর্তৃক প্রদত্ত অধিভুক্তি বাতিলের পত্র সংযুক্ত করতে হবে।

৭। একই জেলা/বিভাগীয় শহরে অবস্থিত দু'টি কলেজের মধ্যে ছাড়পত্রের অনুমোদন দেয়া যাবে না। তবে বিশেষ কারণবশত মেয়ে শিক্ষার্থীর ক্ষেত্রে উক্ত শর্ত শিথিলযোগ্য।

৮। রেজি:কার্ড ও ফলাফল কপি সংযুক্তি দিতে হবে।

25.9.16

প্রফেসর ড. মোবাশ্বেরা খানম
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।